গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৯১.২২.০১০.২১-৮৯২

তারিখ: ২০ ভাদ্র, ১৪৩২ / ০৪ সেপ্টেম্বর, ২০২৫

বিষয়: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড আইন, ২০১৮-এর প্রয়োজনীয় সংশোধনীর আনায়নের নিমিত্ত সংশোধনী প্রস্তাব ওয়েব সাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড আইন, ২০১৮-এর প্রয়োজনীয় সংশোধন আনয়নের লক্ষ্যে গত ১২/০৮/২০২৫ তারিখের সভায় আন্তঃমন্ত্রণালয়ের সভা অনুষ্ঠিত হয়। উক্ত আইনের সংশোধনী প্রস্তাব কার্যবিবরণীর মাধ্যমে অনুমোদিত হয়। উক্ত সংশোধনী প্রস্তাবের বিষয়ে মতামত গ্রহণের লক্ষ্যে প্রকাশের তারিখ থেকে পরবর্তী ১৫ দিনের মধ্যে এই মেইলে govt.sec2@moedu.gov.bd মতামত প্রেরণ করার জন্য জন সাধারণ কে বলা হলো।

সংযুক্তি: সংশোধনী প্রস্তাব ০২ পৃষ্ঠা।

সিফাত উদ্দিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২২২৩৩৫৬৭৮০
ইমেইল: govt.sec2@moedu.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)-এর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৬. অফিস কপি।

F:\Section-2\NCTB\NCTB Act 2018\Letter of nctb.docx

CS CamScanner

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড আইন, ২০১৮-এর সংশোধনী প্রস্তাবসমূহ:

| বিদ্যমান আইন | সংশোধনের নিমিত্ত প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।<br>(১) এই আইন "জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড আইন, ২০১৮" নামে অভিহিত হইবে। | ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।<br>(১) এই "জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক (সংশোধন) আইন, ২০২৫" নামে অভিহিত হইবে। | ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।<br>(১) এই আইন "জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক (সংশোধন) বোর্ড অধ্যাদেশ, ২০২৫" নামে অভিহিত হইবে। |
| ৫। বোর্ডের গঠন।<br>(১) একজন চেয়ারম্যান এবং নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক ৮ (আট) জন সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা<br>ক. পাঠ্যপুস্তক<br>খ. প্রাথমিক শিক্ষাক্রম<br>গ. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম<br>ঘ. মাদ্রাসা শিক্ষাক্রম<br>ঙ. কারিগরি শিক্ষাক্রম<br>চ. শিক্ষাক্রম প্রশিক্ষণ<br>ছ. শিক্ষাক্রম গবেষণা, পরিবীক্ষণ ও মূল্যায়ন; এবং<br>জ. অর্থ | ৫ (৩) সদস্য, প্রাথমিক শিক্ষাক্রম এবং প্রাথমিক শিক্ষাক্রম উইং এর কমকর্তাগণ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বা জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) হতে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন। | এই আইনের অধীন বিধিমালা প্রণয়নের সময় এটিকে অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| ৮। বোর্ডের কার্যাবলি: ধারা ৮ এর (ছ) পাঠ্যপুস্তকের মুদ্রণ, প্রকাশনা, বিতরণ এবং বিপণন; | ৮। বোর্ডের কার্যাবলি: ধারা ৮ এর (১) (ছ) তবে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক পর্যায়ের পাঠ্যপুস্তকের মুদ্রণ, প্রকাশনা ও বিতরণ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর করিবে। | ৮। বোর্ডের কার্যাবলি: ধারা ৮ এর (১) (ছ) পাঠ্যপুস্তকের মুদ্রণ, প্রকাশনা, বিতরণ এবং বিপণন । তবে শর্ত থাকে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাক-প্রাথমিক ও প্রাথমিক পর্যায়ের পাঠ্যপুস্তকসমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মুদ্রণ, প্রকাশনা ও বিতরণ করিবে। |
| ৮। বোর্ডের কার্যাবলি: ধারা ৮ এর (জ) সরকার কর্তৃক ঘোষিত শ্রেণি ও স্তরসমূহের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ; | ৮। বোর্ডের কার্যাবলি: ধারা ৮ এর (জ) সরকার কর্তৃক ঘোষিত শ্রেণি ও স্তরসমূহের (প্রাক-প্রাথমিকসহ প্রাথমিক স্তর ব্যতীত) শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ; | ৮। বোর্ডের কার্যাবলি: ধারা ৮ এর (জ) সরকার কর্তৃক ঘোষিত শ্রেণি ও স্তরসমূহের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ; তবে শর্ত থাকে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাক-প্রাথমিক ও প্রাথমিক পর্যায়ের পাঠ্যপুস্তক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে বিতরণ করিবে। |
| ৯। কমিটি।<br>৩ (ঘ) শিক্ষাক্রম বিশেষজ্ঞ বা প্যাডাগগ (শিক্ষা গবেষণা ইনস্টিটিউট বা শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষক) | ৯। কমিটি।<br>৩ (ঘ) শিক্ষাক্রম বিশেষজ্ঞ বা প্যাডাগগ (শিক্ষা গবেষণা ইনস্টিটিউট বা শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষক বা জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর কর্মকর্তা) | এই আইনের অধীন বিধিমালা প্রণয়নের সময় এটিকে অন্তর্ভুক্ত করা যেতে পারে। |

| | | |
|---|---|---|
| ১০। সচিব। -(১) বোর্ডের একজন সচিব থাকিবেন।<br><br>(২) সচিব সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকরির মেয়াদ ও শর্তাবলি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।<br><br>(৩) বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী সচিব তাহার কার্য সম্পাদন করিবেন। | | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নিম্নরূপ পরিবর্তন করা যেতে পারে:<br><br>১০। পরিচালক। -(১) বোর্ডের একজন পরিচালক থাকিবেন।<br><br>(২) পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকরির মেয়াদ ও শর্তাবলি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।<br><br>(৩) বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালক তাহার কার্য সম্পাদন করিবেন। |

সিফাত উদ্দিন
সিনিয়র সহকারী সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা